

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৩৭

আগরতলা, ২৪ ডিসেম্বর, ২০২৩

**বড়দিন উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা**

বড়দিন উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, ‘বড়দিনের এই শুভ অনুষ্ঠান উপলক্ষে ত্রিপুরা রাজ্যের সকল জনগণকে উষ্ণ অভিনন্দন ও শুভকামনা জানাতে পেরে আমি অপরিমেয় আনন্দ উপলব্ধি করছি। পৃথিবীতে ভগবান যীশু খ্রীস্টের শুভ আবির্ভাবের দিনকে বড়দিন হিসেবে পালন করা হয়। এই দিনটি এখনও আধ্যাত্মিক জীবনের এক গভীর সত্যের উল্লেখযোগ্য প্রতীক। তার জন্মদিবসের এই শুভক্ষণে, সমগ্র মানবজাতির জন্য সুন্দর ভবিষ্যৎ গড়ার লক্ষ্যে আমাদের সকলকে শান্তি সম্প্রীতি ও সহিষ্ণুতার প্রতি সংকল্পবদ্ধ হতে হবে। আমি বিশ্বাস করি বড়দিন পালন আমাদের মিশ্র সংস্কৃতির বন্ধনকে শক্তিশালী করবে। আশা করি সমগ্র ত্রিপুরাবাসীর জন্য এই উৎসব আনন্দ, ভালোবাসা, সুখ, সমৃদ্ধি, শান্তি, সৌভ্রাতৃত্ব এবং বন্ধুত্বের বার্তা বয়ে নিয়ে আসবে।’

\*\*\*\*\*